**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৯৪/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ১৩ নভেম্বর ২০১৭, ২৯ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ঐতিহাসিক ৭ মার্চ বাঙালি জাতির মূল চালিকাশক্তি : উপদেষ্টা কমিটিতে প্রধানমন্ত্রী

২। সংসদ অধিবেশন শুরু, চলবে ২৩ নভেম্বর পর্যন্ত

৩। অতিবর্ষণে এ বছর সারাদেশে ৪ লাখ কি.মি. রাস্তার ক্ষতি : সংসদে এলজিআরডিমন্ত্রী
চট্টগ্রামের জলাবদ্ধতা নিরসনে বাস্তবসম্মত উপায় বের করার নির্দেশ

৪। মোবাশ্বেরসহ যারা নিখোঁজ তাদের খুঁজে পেতে সর্বাত্মক চেষ্টা চলছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। সড়ক দুর্ঘটনা ৫০ ভাগে নামিয়ে আনতে সেফটি স্ট্র্যাটেজিক অ্যাকশন প্ল্যান অনুমোদন

৬। এসডিজি অর্জনে দলিত জনগোষ্ঠীর উন্নয়নে কাজ করার আহ্বান তথ্যমন্ত্রীর

৭। পাঠ্যবইয়ের বাইরে ভর্তি পরীক্ষায় প্রশ্ন করা যাবে না, এসএসসি'র ন্যূনতম বয়স ১৬ বছর

৮। ঝুঁকির তালিকায় আবারও ষষ্ঠ বাংলাদেশ : বৈশ্বিক জলবায়ু ঝুঁকি সূচক ২০১৮ প্রকাশ

৯। বেসরকারি খাতের জন্য তৈরি হচ্ছে সরকারি সেবার ডিজিটাল প্লাটফর্ম

১০। মাছ রপ্তানিতে প্রবৃদ্ধি সাড়ে ১৫ শতাংশ

চলমান পাতা-২

**১। ঐতিহাসিক ৭ মার্চ বাঙালি জাতির মূল চালিকাশক্তি : উপদেষ্টা কমিটিতে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ৭ মার্চ হলো জাতির মূল চালিকাশক্তি। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৭ মার্চের ভাষণে গেরিলা যুদ্ধের দিক নির্দেশনাসহ অর্থনৈতিক মুক্তির আহ্বান জানিয়েছিলেন- সেই ভাষণ আজ বিশ্ব স্বীকৃত। সম্প্রতি রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে বাংলাদেশ মানবতার নবদ্বার উন্মোচন করেছে, যা বিশ্বব্যাপী সমাদৃত। গতকাল (১২ নভেম্বর রোববার) জাতীয় সংসদ ভবনে জাতীয় সংসদের কার্যউপদেষ্টা কমিটির অষ্টাদশ বৈঠকে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সফলভাবে ৬৩তম সিপিসি সম্মেলন সম্পন্ন করায় সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.১)।

**২। সংসদ অধিবেশন শুরু, চলবে ২৩ নভেম্বর পর্যন্ত**

জাতীয় সংসদের ১৮তম অধিবেশন গতকাল (১২ নভেম্বর রোববার) শুরু হয়েছে ; চলবে ২৩ নভেম্বর পর্যন্ত। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অধিবেশনের শুরুতে জাতীয় সংসদের ১৮তম অধিবেশনের জন্য ৫ সদস্যের সভাপতিমণ্ডলী মনোনয়ন দেওয়া হয়। একজন সাবেক রাষ্ট্রপতি ও স্পিকার এবং ৫ জন সাবেক সংসদ সদস্যসহ কয়েকজন বিশিষ্ট ব্যক্তির মৃত্যুতে গতকাল (১২ নভেম্বর রোববার) সংসদে সর্বসম্মতিক্রমে শোকপ্রস্তাব গৃহীত হয়েছে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এ শোকপ্রস্তাব উত্থাপন করেন। যাঁদের মৃত্যুতে শোকপ্রস্তাব আনা হয়েছে, তাঁরা হলেন-সাবেক রাষ্ট্রপতি ও স্পিকার আবদুর রহমান বিশ্বাস, সাবেক সংসদ সদস্য ও মন্ত্রী এম কে আনোয়ার, সরদার মোশাররফ হোসেন, শফিকুল ইসলাম, মোফাজ্জল হোসেন ও মো. মর্তুজা হোসেন মোল্লা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১) **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬)।

**৩। অতিবর্ষণে এ বছর সারাদেশে ৪ লাখ কি.মি. রাস্তার ক্ষতি : সংসদে এলজিআরডিমন্ত্রী**
**চট্টগ্রামের জলাবদ্ধতা নিরসনে বাস্তবসম্মত উপায় বের করার নির্দেশ**

এ বছর অতি বর্ষণের ফলে সারাদেশে শুধু স্থানীয় সরকার মন্ত্রণালয়ের আওতাধীন প্রায় ৩ লাখ ৪১ হাজার কিলোমিটার রাস্তা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়া সড়ক ও জনপথের আওতাধীন প্রায় ৪১ হাজার কিলোমিটার রাস্তা ক্ষতিগ্রস্ত হয়েছে। অতীতে অতি বর্ষণে এত রাস্তাঘাটের ক্ষয়ক্ষতি হয়নি। এসব ক্ষতিগ্রস্ত রাস্তাঘাটের সার্বিক তথ্য তৈরি করা হয়েছে। অচিরেই মেরামতের উদ্যোগ নেওয়া হবে। গতকাল (১২ নভেম্বর রোববার) জাতীয় সংসদ অধিবেশনে এক প্রশ্নের জবাবে স্থানীয় সরকার, পল্লিউন্নয়ন ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন এ তথ্য জানান। মন্ত্রীর অনুপস্থিতিতে সংসদে এলজিআরডি প্রতিমন্ত্রী মশিউর রহমান রাঙা প্রশ্নের জবাব দেন। সংসদে অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, বর্তমানে দেশের ১৩ কোটি ৯২ লাখ (৮৭ শতাংশ) মানুষ নিরাপদ পানির সুবিধা ভোগ করছে। এ ছাড়া ৯৯ শতাংশ মানুষ মৌলিক স্যানিটেশনের অন্তর্ভুক্ত। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.৪,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

বন্দরনগরী চট্টগ্রামের জলাবদ্ধতা নিরসনে চট্টগ্রাম সিটি করপোরেশন, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এবং চট্টগ্রাম ওয়াসা ও পানি উন্নয়ন বোর্ডকে সমন্বিতভাবে ডিসেম্বরের মধ্যে বাস্তবসম্মত উপায় বের করার নির্দেশ দিয়েছেন স্থানীয় সরকার, পল্লিউন্নয়ন ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। গতকাল (১২ নভেম্বর রোববার) সচিবালয়ে 'চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুনঃখনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন' শীর্ষক প্রকল্পসংশ্লিষ্ট সভায় তিনি এ নির্দেশ দেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৬)।

**৪। মোবাশ্বেরসহ যারা নিখোঁজ তাদের খুঁজে পেতে সর্বাত্মক চেষ্টা চলছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদের সহকারী অধ্যাপক মোবাশ্বের হাসান সিজারসহ যারা নিখোঁজ রয়েছেন, তাদের খুঁজে পেতে সর্বাত্মক চেষ্টা চলছে। একটু সময় দিতে হবে। তাদেরকে ফিরে পাওয়া

যাবে। তাদের উদ্ধারে আমাদের তৎপরতা অব্যাহত রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল (১২ নভেম্বর রোববার) মিরপুরে নৌ পুলিশের চতুর্থ প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, নৌপুলিশকে শক্তিশালী করা হচ্ছে। নবগঠিত নৌপুলিশ দ্রুততম সময়ে অনেক সীমাবদ্ধতার মধ্যেও জনগণের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮)।

**৫। সড়ক দুর্ঘটনা ৫০ ভাগে নামিয়ে আনতে সেফটি স্ট্র্যাটেজিক অ্যাকশন প্ল্যান অনুমোদন**

আগামী ২০২০ সালের মধ্যে সারাদেশে সড়ক দুর্ঘটনা শতকরা ৫০ ভাগে নামিয়ে আনার লক্ষ্যে ন্যাশনাল রোড সেফটি স্ট্র্যাটেজিক অ্যাকশন প্ল্যান অনুমোদন করেছে সড়ক উপদেষ্টা পরিষদ। গতকাল (১২ নভেম্বর রোববার) রাজধানীর রমনা হোটেলে সড়ক-মহাসড়কে চলাচলকারী যানবাহনের অতিরিক্ত ওজন নিয়ন্ত্রণে এক্সেললোড কন্ট্রোল নীতিমালা আগামী ১ ডিসেম্বর থেকে কার্যকরের সিদ্ধান্ত নেওয়া হয় সভায়। পাশাপাশি শীতের সময় দুর্ঘটনা এড়াতে ক্ষেত্রবিশেষে যানবাহনের গতি সীমিত রাখার বিষয়েও সভায় নির্দেশনা দেওয়া হয়। সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫)।

**৬। এসডিজি অর্জনে দলিত জনগোষ্ঠীর উন্নয়নে কাজ করার আহ্বান তথ্যমন্ত্রীর**

দলিত সম্প্রদায় দেশের বঞ্চিত জনগোষ্ঠীর একাংশ। পিছিয়েপড়া এসব জনগোষ্ঠীকে তুলে ধরতে না পারলে এসডিজির ১৭ নম্বর অভীষ্টে আমরা পৌঁছতে পারব না। এজন্য দলিত জনগোষ্ঠীকে চিহ্নিত করে চরম দরিদ্রমুখী কর্মসূচি গ্রহণের আহ্বান জানান তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল (১২ নভেম্বর রোববার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'টেকসই উন্নয়ন অভীষ্টের আলোকে বাংলাদেশে দলিত জনগোষ্ঠীর অবস্থান' শীর্ষক নাগরিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে আহ্বান জানান মন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **অবজারভার** (পৃ.৪,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৭। পাঠ্যবইয়ের বাইরে ভর্তি পরীক্ষায় প্রশ্ন করা যাবে না, এসএসসি'র ন্যূনতম বয়স ১৬ বছর**

সরকারি-বেসরকারি স্কুলের জন্য নতুন শিক্ষাবর্ষের ভর্তি নীতিমালা চূড়ান্ত করেছে শিক্ষা মন্ত্রণালয়। স্কুলে কোনো শ্রেণির ভর্তি পরীক্ষাতেই এখন থেকে আর জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) পাঠ্যবইয়ের বাইরে কোনো প্রশ্ন করা যাবেনা। একই বিধান কার্যকর হবে সকল শ্রেণিতেই। তবে প্রথম শ্রেণিতে যথারীতি লটারির মাধ্যমে ভর্তি বাধ্যতামূলক। হাইস্কুলে ভর্তি ফরমের ফি ২০ টাকা বাড়ানো হয়েছে। গতকাল (১২ নভেম্বর রোববার) শিক্ষা মন্ত্রণালয়ের এক বৈঠকে ভর্তি নীতিমালা অনুমোদন করা হয়েছে। বৈঠকে এসএসসি পরীক্ষায় বসার নতুন বয়স পুনর্নির্ধারণ করা হয়। এখন থেকে ন্যূনতম ১৬ বছর বয়সী শিক্ষার্থীরা এসএসসি পরীক্ষায় বসতে পারবে যা পূর্বে ১৪ বছর ছিল। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৪)।

**৮। ঝুঁকির তালিকায় আবারও ষষ্ঠ বাংলাদেশ : বৈশ্বিক জলবায়ু ঝুঁকি সূচক ২০১৮ প্রকাশ**

জলবায়ু পরিবর্তনের কারণে সবচেয়ে ঝুঁকিপূর্ণ দেশগুলোর তালিকায় বাংলাদেশ ষষ্ঠ অবস্থানেই রয়ে গেছে। ১৯ বছর ধরে দুর্যোগের সংখ্যা, মৃত্যু, ক্ষয়ক্ষতির মোট হিসাবের ভিত্তিতে তৈরি 'বৈশ্বিক জলবায়ু ঝুঁকি সূচক ২০১৮' শীর্ষক প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। জার্মানভিত্তিক আন্তর্জাতিক সংস্থা জার্মান ওয়াচ ১৯৯৭ থেকে ২০১৬ সালের মধ্যে বিশ্বের ২০০টি দেশে জলবায়ু পরিবর্তনের প্রভাব নিয়ে প্রতিবেদনটি তৈরি করেছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.১,ক.১)।

**৯। বেসরকারি খাতের জন্য তৈরি হচ্ছে সরকারি সেবার ডিজিটাল প্লাটফর্ম**

বেসরকারি খাতের জন্য সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের সেবাগুলো সমন্বিত করে একটি অনলাইনভিত্তিক সরকারি-বেসরকারি প্লাটফর্ম গড়ে তোলা হবে। এ লক্ষ্যে গতকাল (১২ নভেম্বর রোববার) প্রধানমন্ত্রীর দপ্তরের এটুআই কর্মসূচির সঙ্গে সমঝোতাস্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে বাংলাদেশের ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)। এফবিসিসিআই জানায়, প্রধানমন্ত্রীর দপ্তরের এটুআই কর্মসূচির সঙ্গে এ চুক্তির মাধ্যমে ব্যবসা পরিচালনা ব্যয় কমানোসহ সময় এবং অর্থ সাশ্রয় সম্ভব হবে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১৭,ক.৬)।

**১০। মাছ রপ্তানিতে প্রবৃদ্ধি সাড়ে ১৫ শতাংশ**

চলতি ২০১৭-১৮ অর্থবছরের প্রথম চার মাসে (জুলাই-অক্টোবর) হিমায়িত ও তাজা মাছ রপ্তানিতে আয় হয়েছে ২২ কোটি ৬৯ লাখ ১০ হাজার মার্কিন ডলার, যা গত অর্থবছরের একই সময়ের চেয়ে ১৫ দশমিক ৪১ শতাংশ বেশি। একইসঙ্গে এ আয় লক্ষ্যমাত্রার চেয়ে ৩৭ দশমিক ২১ শতাংশ বেশি। বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরোর পরিসংখ্যান দিয়ে এ তথ্য প্রকাশ করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ভোরের কাগজ :** কেন্দ্রীয় কারাগার ঢাকার অদূরে কোরানীগঞ্জে স্থানান্তর করা হলেও নানা অনিয়ম ও অব্যবস্থাপনার চিত্র পাওয়া যাচ্ছে উল্লেখ করে সুন্দর অবকাঠামো নির্মাণের সাথে সাথে সুশৃঙ্খল ও আইনানুগ পরিচালনা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** সিলেটে অবৈধ ও অপরিকল্পিতভাবে পাথর উত্তোলন করা হচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **প্রথম আলো :** ঢাকার রাস্তাঘাটের দুর্দশা লাঘবে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন সরকারের কাছে অর্থ বরাদ্দ চাওয়ার কথা উল্লেখ করে বরাদ্দকৃত অর্থ সদ্ব্যবহার করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **সমকাল :** রাজধানীর উত্তরার লেকে হাজার হাজার মাছ মরে ভেসে ওঠাকে নিছক দুর্ঘটনা হিসেবে গণ্য না করে তদন্ত করে আসল ঘটনা উন্মোচনের সুপারিশ।

ঙ. **যায়যায়দিন :** নানামুখী উন্নয়নের মাধ্যমে পাটের সোনালি দিন ফিরিয়ে আনতে ১০ হাজার কোটি টাকার তহবিল গঠনসহ সরকারের নেওয়া উদ্যোগের সফল বাস্তবায়ন প্রত্যাশা।

চ. **ইন্ডিপেনডেন্ট :** 'চিলড্রেন অ্যাক্ট-২০১৩' যথাযথভাবে বাস্তবায়নের দ্বারা শিশুদের অধিকার সুরক্ষা করার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের আইসিটিতে প্রশিক্ষণের দ্বারা দক্ষ করে সাইবার সিকিউরিটি মজবুত করে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

জ. **ডেইলি স্টার :** ২০১৮ সালের জুন পর্যন্ত রোহিঙ্গাদের সার্বিক ভরণপোষণে বাংলাদেশের ৭,১২৬ কোটি টাকা প্রয়োজন হওয়ার বিষয় তুলে ধরে সরকারকে রোহিঙ্গা প্রত্যাবাসনে কূটনৈতিক তৎপরতা জোরদার করার আহ্বান।

ঝ. **নিউজ টুডে :** কিশোরগঞ্জ, ফরিদপুর ও কুমিল্লায় বিগত কয়েকদিনে ৮ জন খুন হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে আইনের কঠোর প্রয়োগই অপরাধ কমাতে পারবে বলে অভিমত।

ঞ. **নিউ এজ :** রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৪৪ জন শিক্ষক, ছাত্র ও কর্মচারীর বিরুদ্ধে মাদক ব্যবসার সঙ্গে জড়িত থাকার অভিযোগ প্রশাসনকে গুরুত্বের সঙ্গে বিবেচনায় নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**'আলোকিত বাংলাদেশ'** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, কিশোরীদের সম্ভাবনা ও সক্ষমতাকে কাজে লাগিয়ে তাদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'প্রযুক্তির সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দেশকে ডিজিটালাইজ্‌ড করার ক্ষেত্রে দেশের তরুণসমাজকে গুরুদায়িত্ব পালন করতে হবে।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০